



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০১৯/ ২১০/৫

তারিখ: ২১/০৩/২০১৯খ্রি.

বিষয়ঃ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন।


সূত্রঃ খাদিজা ইয়াসমীন, উপাধ্যক্ষের ১১/০৩/২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন মির্জাপুর কলেজটি ০৮/০৮/২০১৮খ্রি. তারিখে জাতীয়করণ করা হয়। কলেজটি বেসরকারি থাকাবস্থায় অধ্যক্ষ জনাব সালাহউদ্দিন আহমেদ এর বয়স ৬০ বছর পূর্ণ হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় এর আদেশে তার চাকুরির মেয়াদ ০২ বছর বৃদ্ধি করা হয়। ১১/০৩/২০১৯খ্রি. তারিখে বর্ধিত চাকুরির মেয়াদ শেষ হয়।

জনবল কাঠামো ২০১৮ এর অনুচ্ছেদ ১১.৬ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। কলেজটি জাতীয়করণ হওয়ায় অধ্যক্ষ পদে নিয়োগেরও সুযোগ নাই। শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৭/২০১২খ্রি. তারিখের নং- শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ স্মারকপত্র মোতাবেক ‘অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ, উপাধ্যক্ষ না থাকলে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন’। যেহেতু বর্তমানে কলেজে এমপিওভুক্ত উপাধ্যক্ষ কর্মরত আছেন, সেহেতু উপাধ্যক্ষই ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৭/২০১২খ্রি. তারিখের নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ স্মারকপত্র মোতাবেক টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন মির্জাপুর সরকারি কলেজে বর্তমান উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
মির্জাপুর, টাঙ্গাইল।

MW

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ২। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৩। উপাধ্যক্ষ, মির্জাপুর ডিগ্রি কলেজ, মির্জাপুর টাঙ্গাইল।
- ৪। ম্যানেজার, অর্থনী ব্যাংক, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৫। সংরক্ষণ কপি।